ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৬২৮

আগরতলা,২৯ আগস্ট,২০২৫

# অর্থ দপ্তর থেকে ২৩ সিনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্টকে নিয়োগপত্র দেওয়া হল

আজ সচিবালয়ের ২ নং কনফারেন্স হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ২৩ জন সিনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্টের হাতে নিয়োগপত্র তুলে দেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অর্থমন্ত্রী বলেন, অর্থ দপ্তরের কাজে আরও গতি নিয়ে আসার লক্ষ্যে এবং তথ্য-প্রযুক্তির নিত্যনতুন উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে সামনের দিকে এগিয়ে চলার জন্যই সিনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্টদের নিয়োগ করা হয়েছে। এদিন সদ্য নিয়োগপ্রাপ্তদের সততা, নিষ্ঠা ও দায়বদ্ধতা রেখে তাদের দায়িত্ব পালন করার কথাও বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অর্থ দপ্তরের ট্রেজারি ও অ্যাকাউন্টস ডিরেক্টরেটের অধীনে টিপিসিসির মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে। নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে এদিন রাজ্য অর্থ দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিক ও কর্মচারিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, স্বাগত বক্তব্য রাখেন অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব ড. আকিঞ্চন সরকার এবং ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অর্থ দপ্তরের যুগ্ম সচিব নারায়ণ চন্দ্র মজুমদার। অনুষ্ঠানে সচিবালয়ের বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মচারিরা অংশগ্রহণ করেন।

*****